

বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের 'নৈতিকতা কমিটির' সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোস্তফা কামাল, উপ-পরিচালক।
সভার তারিখ ও সময় : ০৫/০৪/২০১৮ইং, ৩:০০ ঘটিকা।
স্থান : বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের উপ-পরিচালক এর অফিস কক্ষ।

০৫/০৪/২০১৮ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ৩:০০ ঘটিকার সময় উপ-পরিচালকের অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে এ মুদ্রণালয়ের 'নৈতিকতা কমিটি'র এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নে বর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ-

- | | | | | |
|----|--------------------------|-------------------------------------|---|------------|
| ১। | জনাব মোঃ শাহ আলম, | সিকিউরিটি অফিসার (স্টোর) (অতিঃ দাঃ) | - | সদস্য সচিব |
| ২। | জনাব মোঃ আতাউর রহমান, | হিসাব সহকারী/ইউডিএ | - | সদস্য |
| ৩। | জনাব কবির আহাম্মদ সরকার, | অফসেট অপারেটর | - | -ঐ- |

২.০০ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুরোধে সদস্য সচিব গত ২৮/১২/১৭ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর আলোকে নৈতিকতার বাস্তবায়ন/অগ্রগতির বিষয়ে সভায় উপস্থাপন করেন। অতঃপর উপস্থাপিত বিষয়ের উপর আলোচনা/পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :-

- (ক) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের সাথে প্রতিমাসে কমপক্ষে একটি করে সচেতনতা বৃদ্ধিমূলক সভা অব্যাহত থাকবে।
- (খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিমালার (A.P.A) লক্ষ্যমাত্রা অর্জন/বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।
- (গ) Key Performance Indicator সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সচেতন হতে হবে।
- (ঘ) নৈতিকতা কমিটির গৃহীত কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিয়মিত প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- (ঙ) কর্মকর্তাগণ নিয়মিতভাবে শাখা সমূহ পরিদর্শনসহ কর্মচারীদের হাজিরা খাতা পরীক্ষা-নিরীক্ষা অব্যাহত রাখতে হবে।
- (চ) সেবা প্রদান প্রতিশ্রুতিতে (Citizen's Charter) বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পাদন করতে হবে।
- (ছ) কর্মচারীদের অনিয়মিতভাবে ঘন ঘন ছুটি গ্রহণের প্রবণতা রোধ কল্পে নিরুৎসাহিত করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (জ) প্রেসের হালনাগাদ তথ্যাদিসহ দরপত্র কোটেশন নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- (ঝ) প্রেসের নিরাপত্তা বিধান নিশ্চিত কল্পে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।
- (ঞ) সততা, নৈতিকতা ও মূল্যবোধ জাগ্রত করে সততা ও নিষ্ঠার সাথে অর্পিত দায়িত্ব পালন করে প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি করতে হবে।
- (ট) প্রতি ০৩ মাস পরপর এ মুদ্রণালয়ের 'নৈতিকতা কমিটি'র সভা অনুষ্ঠিত হবে।

৩.০০ পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

(মোস্তফা কামাল)
উপ-পরিচালক।

তারিখ

০৫/০৪/১৮

স্মারক নং-প্রশাসন-১৭(১১)/২০১৪/১১৪৫/৭

বিতরণ :-

- | | | |
|----|--|----------------------------|
| ১। | মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | সিকিউরিটি অফিসার (স্টোর) (অতিঃ দাঃ), বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। | |
| ৩। | হিসাব সহকারী(ইউ.ডি.এ) | ঐ |
| ৪। | টাইম কিপার, | ঐ |
| ৫। | জনাব কবির আহাম্মদ সরকার, অফসেট অপারেটর, | ঐ |
| ৬। | জনাব লোকেশ্বর সিংহ, কম্পোজিটর, | ঐ |
| ৭। | উপ-পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (উপ-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)। | ওয়েব সাইটে প্রকাশের জন্য। |

(মোস্তফা কামাল)
উপ-পরিচালক।